সংবাদ বিজ্ঞপ্তি

সামিট টেকনোপলিস চুক্তি সইয়ের ৬ মাসের ব্যবধানে ওরিক্স বায়ো-টেককে রেডি প্লট হস্তান্তর করেছে



ছবি ক্যাপশন: বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (সচিব) হোসনে আরা বেগম এনডিসি এবং সামিট টেকনোপলিস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক আবু রেজা খান যৌথভাবে ওরিক্স বায়ো-টেক-এর চেয়ারম্যান কাজী শাকিলকে গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু হাই-টেক সিটির ব্লক-২-এ প্লাজমা বিশ্লেষণ প্ল্যান্ট স্থাপনের জন্য ২৫ একরের বাণিজ্যিক প্লট হস্তান্তর করেন।

(ঢাকা) ১৪ ফেব্রুয়ারি ২০২১, রবিবার: সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান সামিট টেকনোপলিস, ত্রি-পক্ষীয় চুক্তি সইয়ের মাত্র ৬ মাসের ব্যবধানে প্লাজমা বিশ্লেষণ প্ল্যান্ট স্থাপনের জন্য ওরিক্স বায়ো-টেককে ২৫ একর রেডি প্লটের কর্তৃত্ব হস্তান্তর করেছে। হস্তান্তরের পূর্বে, সামিট টেকনোপলিস দেশের প্রথম বায়োটেকনোলজি প্ল্যান্ট স্থাপনের অতিরিক্ত ৫.১৪ কোটি টাকার বিনিয়োগে জমির অত্যাবশকীয় সংস্কারকাজ সম্পন্ন করে। বায়ো-টেক খাতে বাংলাদেশে এই ৩০০ মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগে প্লাজমা বিশ্লেষণ প্ল্যান্ট গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু হাই-টেক সিটির ব্লক ২-এ স্থাপিত হবে।

ওরিক্স বায়োটেক লিমিটেড, চীনের ওরিক্স বায়োটেক হোল্ডিংস-এর একটি অঙ্গপ্রতিষ্ঠান। এই প্রকল্পে প্রায় দুই হাজার বিজ্ঞান স্নাতকোত্তদের কর্মসংস্থানের সৃষ্টি হবে বলে আশা করা যাচ্ছে।

প্ল্যান্টটি ২০২৩ সালে সকল নিয়ন্ত্রক সংস্থার অনুমতি প্রাপ্তির সাপেক্ষে বানিজ্যিক কার্যক্রম শুরু করবে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের পরিচালক এ এন এম সফিকুল ইসলাম, উপ-পরিচালক মোঃ মাহফুজুল কবিরসহ সংশ্লিষ্ট অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ আগারগাঁওয়ে আইসিটি টাওয়ারে আয়োজিত এই হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

সংক্ষেপে সামিট টেকনোপলিস লিমিটেড: সামিট টেকনোপলিস সরকারি-বেসরকারি অংশীদারিত্বে (পিপিপি) কালিয়াকৈরের গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু হাই-টেক সিটির ৯১ একর জায়গায় তথ্য প্রযুক্তি, তথ্য প্রযুক্তি সম্বলিত সেবাসমূহ (আইটিইএস), দূষণমূক্ত ম্যানুফ্যাকচারিং এসেম্বলি লাইন এবং ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠানসমূহের অবকাঠামো উন্নয়নে কাজ করছে। সামিট টেকনোপলিস এই ৯১ একর জায়গার নকশা, নির্মাণ, অর্থায়ন, সরকারের কাছে নিজস্ব পরিচালনা স্থানান্তরের শর্তের অধীনে ৬০ বছরের জন্য ইজারা পেয়েছে। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.summittechnopolis.com।

সংক্ষেপে ওরিক্স বায়োটেক লিমিটেড: চীন ভিত্তিক ওরিক্স বায়োটেক হোল্ডিংস এর একটি অঙ্গপ্রতিষ্ঠান ওরিক্স বায়োটিক হলো জৈব পণ্য ডেভেলপার প্রতিষ্ঠান। বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন www.oryxbiotech.com

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫ |